

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৬৯

১৮/ জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/৪১. বায়আত (আনুগত্যের শপথ) গ্রহণ

بَابِ الْبَيْعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَنْبَأَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ جَاءَ عَبْدٌ فَبَايَعَ النَّبِيَّ صلى الله عليه وسلم أَنَّهُ عَبْدٌ فَجَاءَ سَيِّدُهُ يُرِيدُهُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم "بِعْنِيهِ". فَاشْتَرَاهُ بِعَبْدَيْنِ عَبْدَيْنِ أَسُودَيْنِ ثُمَّ لَمْ يُبَايِعْ أَحَدًا بَعْدَ ذَلِكَ حَتَّى يَسْأَلَهُ أَعَبْدٌ هُوَ

বাংলা

8/২৮৬৯। জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একটি ক্রীতদাস এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হিজরত করার শপথ নেয়। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতেন না যে, সে ক্রীতদাস। তার মনিব তাকে ফেরত নিতে এলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে আমার নিকট বিক্রয় করো। তিনি দু'টি কৃষ্ণকায় গোলামের বিনিময়ে তাকে খরিদ করেন। এরপর থেকে তিনি কাউকে বায়আত করার পূর্বেই জিজ্ঞেস করে নিতেন, সে ক্রীতদাস কি না?

English

It was narrated that Jabir said:

"A slave came and gave his pledge to the Prophet (**), pledging to emigrate, and the Prophet (**) did not realize that he was a slave. Then his master came looking for him, and the Prophet (**) said: 'Sell him to me,' and he brought him in exchange for two black slaves. Then after that he did not accept the pledge from anyone until he had asked whether he was a slave."

ফুটনোট



মুসলিম ১৬০২, তিরমিয়ী ১২৩৯, ১৫৯৬, নাসায়ী ৪১৮৪, ৪৬২১, আবূ দাউদ ৩৩৫৮, আহমাদ ১৪৩৫৮, ইবনু হিব্বান ৪৫৫০, ৫০২৭, ৬৫১৯, বায়হাকী ফিস সুনান ৫/২৮৬, ৩৩৭।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন